



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী প্রগতি কর্মসূচি

পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা

www.pppbd.org



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৩৬.১৮.০৯৩.২৩-৫৫০

তারিখ: ৩১/১২/২০২৪ খ্রি:

বিষয়: পল্লী প্রগতি কর্মসূচির উপজেলায় কু-ঋণের অর্থ আলাদা ব্যাংক হিসাবে সংরক্ষণ করা প্রসঙ্গে।

পল্লী প্রগতি কর্মসূচির আদায়কৃত সেবামূল্যের একটি অংশ কু-ঋণ হিসেবে আলাদা ব্যাংক হিসাবে সংরক্ষণ করার বিধান থাকলেও দেখা যাচ্ছে যে, অধিকাংশ উপজেলায় তা প্রতিপালন করা হচ্ছে না। ফলে কু-ঋণের অর্থ ঋণ খাতে ব্যবহৃত হচ্ছে যা কর্মসূচির নীতি বিরোধী। এ অবস্থা হতে উত্তরণে কু-ঋণের ব্যাংক হিসাব আলাদা থাকা বাঞ্ছনীয়।

এমতাবস্থায়, পল্লী প্রগতি কর্মসূচির কু-ঋণ খাতের অব্যয়িত অর্থ “পল্লী প্রগতি কর্মসূচি কু-ঋণ হিসাব” শিরোনামে আলাদা একটি ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মিজানুর রহমান
কর্মসূচি পরিচালক
০১৭১২৮৮৬৯৪৯

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

..... উপজেলা, জেলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৩৬.১৮.০৯৩.২৩-৫৫০

তারিখ: ৩১/১২/২০২৪ খ্রি:

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলা (বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক সরেজমিন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংশ্লিষ্ট অফিস নথি।

৩১.১২.২০২৪
মো: মিজানুর রহমান

সহকারী পরিচালক (মনিটরিং)